গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

স্মারক নং-২০.০০.০০০০.৩৩২.১৮.০০০২.২৬.১৮৯

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৭ জুন ২০২৬

**বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সাথে ০৩ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী প্রেরণ।**

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর-এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের Zoom প্ল্যাটফর্ম-এ আলোচনা সভা ০৩ জুন ২০২৬ তারিখ বুধবার সন্ধ্যা ০৭.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে (পাঁচ পৃষ্ঠা)।

০৭/০৬/২৬
(মোঃ কামাল হোসেন)
সহকারী সচিব
টেলিফোন : ২২২২১৬৫৪৪
E-mail: dsplandivco@gmail.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১ সদস্য (সিনিয়র সচিব), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২ সদস্য (সচিব), কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৩ সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৪ সদস্য (সচিব), আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫ সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৬ সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৭ সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৮ সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯ প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), শেরে বাংলা নগর, ঢাকা।
১০ সদস্য (সচিব), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১ সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১২ মুখ্য সমন্বয়ক (এসডিজি), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
১৩ প্রধান (সকল), পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৪ অতিরিক্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৫ প্রধান (অতিরিক্ত সচিব), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
১৬ মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস), পরিসংখ্যান ভবন, ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা।
১৭ অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১৮ মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস), আগারগাঁও, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. উপদেষ্টার একান্ত সচিব, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (**ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**)।
৪. সচিবের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় শাখা
www.plandiv.gov.bd

**বিষয়: মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সাথে ০৩ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত আলোচনা সভার কার্যবিবরণী।**

অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় এর মাননীয় উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর এঁর সভাপতিত্বে পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে এক সভা গত ০৩ জুন ২০২৬ তারিখ অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় প্রতিমন্ত্রী, পরিকল্পনা মন্ত্রণালয় এবং পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস)-এর প্রতিষ্ঠান প্রধানসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন (**পরিশিষ্ট-ক**)। মাননীয় উপদেষ্টা মহোদয়ের অনুমতিক্রমে সচিব, পরিকল্পনা বিভাগ স্বাগত বক্তব্যের মধ্য দিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি ইতোপূর্বে অনুষ্ঠিত সভাগুলোতে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী আলোচনা শুরু করেন।

**২.০ আলোচ্য বিষয়:**

সরকারের প্রতিশ্রুত নির্বাচনী ইশতেহার অনুযায়ী পরিকল্পনা কমিশনের সকল সেক্টর কর্তৃক প্রকল্প গ্রহণের ক্ষেত্রে Value for Money, Return on Investment নিশ্চিতসহ কর্মসংস্থান সৃষ্টিকে অগ্রাধিকার প্রদান করতে হবে। অধিক কর্মসংস্থান সৃষ্টি হয় এমন প্রকল্প ভবিষ্যতে গ্রহণ করতে হবে।

**২.১ আলোচনা:**

সচিব, পরিকল্পনা বিভাগ জানান যে, পরিকল্পনা কমিশনের সকল সেক্টর কর্তৃক প্রকল্প গ্রহনের ক্ষেত্রে Value for Money, Return on Investment নিশ্চিতসহ কর্মসংস্থান সৃষ্টিকে অগ্রধিকার প্রদান করার বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পগুলো বিবেচনা করা হচ্ছে।

**২.২ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**২.২.৩** প্রকল্প গ্রহণের ক্ষেত্রে Value for Money এবং Return on Investment নিশ্চিতসহ কর্মসংস্থান সৃষ্টিকে অগ্রধিকার প্রদানের কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**৩.০ আলোচ্য বিষয়:**

৪টি সেক্টর/ডিভিশনকে চলমান প্রকল্পের প্রাক্কলিত ব্যয় যৌক্তিকভাবে নির্ধারণ করাসহ প্রকল্পসমূহ নির্বাচনী ইশতেহারের সাথে সঙ্গতিপূর্ণ কিনা তা যাচাই-বাছাইপূর্বক তালিকা প্রস্তুত করে পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে। ভবিষ্যৎ নতুন প্রকল্পসমূহ নির্বাচনী ইশতেহারের সাথে সামঞ্জস্যপূর্ণ কিনা তা যাচাই-বাছাই করে অনুমোদন প্রক্রিয়াকরণ করতে হবে।

**৩.১ আলোচনা:**

**৩.২** সচিব, পরিকল্পনা বিভাগ জানান যে, এ বিষয়ে পরিকল্পনা কমিশনের ৪টি সেক্টর/ডিভিশন থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী ২০২৫-২৬ অর্থবছরের ১,২৮৪টি প্রকল্প নির্বাচনী ইশতেহারের সাথে সঙ্গতিপূর্ণ। ৫টি প্রকল্প সংগতিপূর্ণ নয় বলে সেক্টর থেকে প্রাপ্ত তথ্য তিনি সভাকে অবহিত করেন। এছাড়া এই প্রকল্পগুলোর মাধ্যমে মোট ৩২,৬০,২৪২ জন লোকের (স্থায়ী ৫,১২,৫৩১ এবং অস্থায়ী ২৭,৪৭,৭১১) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে বলে সভাকে জানান। বিবিএস এর data এর সাথে এই তথ্য মিলে কিনা সে বিষয়ে সভাপতি মহোদয় জানতে চাইলে পরিসংখ্যান ও

যে, Labour Force সংক্রান্ত data নতুন করে সংগ্রহ করা হচ্ছে। BBS এর তথ্যের সাথে এই তথ্যের মিল আছে কিনা তা আবার যাচাই করার জন্য সভাপতি মহোদয় পুনরায় অনুরোধ জানান।

৩.৩ প্রকল্প যাচাই বাছাই এর লক্ষ্যে একনেক কর্তৃক গঠিত কমিটির কাজের অগ্রগতি বিষয়ে সচিব, পরিকল্পনা বিভাগ জানান যে, প্রাপ্ত তথ্য অনুযায়ী চলমান প্রকল্পগুলোর প্রায় সকল প্রকল্পই নির্বাচনী ইশতেহারের সাথে সংগতিপূর্ণ। বর্তমান সরকার দায়িত্ব গ্রহণের সময় ADP তে ১,৩৩৩টি প্রকল্প চলমান ছিল। বর্তমানে ১,১৫০টি পুরানো প্রকল্প এবং সবুজ পাতার নতুন প্রকল্প ১,২৮২টি আগামী ২০২৬-২৭ অর্থবছরে আরম্ভ করা হবে।

৩.৪ প্রতিমন্ত্রী মহোদয় জানান যে, চলমান প্রকল্প এবং সবুজ পাতার প্রকল্পগুলোর মধ্যে সমন্বয় করার কাজ চলমান রয়েছে। এ বিষয়ে মন্ত্রণালয়গুলোর সাথে নিয়মিত সভা করে যেসব চলমান প্রকল্পের অগ্রগতি ৩০% বা এর নীচে সেগুলোকে সবুজ পাতার নতুন প্রকল্পের সঙ্গে সমন্বয় করে সংশোধন করে প্রস্তাব প্রেরণ করতে মন্ত্রণালয়কে অনুরোধ করা হয়েছে। অপরদিকে যেসব প্রকল্পের অগ্রগতি ৩০%-৬০% সেগুলো পুনরায় যাচাই বাছাই করে দেখার জন্য মন্ত্রণালয়গুলোকে অনুরোধ করা হয়েছে। একই ধরণের প্রকল্পগুলো clustering এবং rescoping করে সবুজ পাতার নতুন প্রকল্পে অন্তর্ভুক্ত করার অনুরোধ করা হয়েছে। যেসব প্রকল্পের অগ্রগতি ৬০% এর উপরে সেগুলো দ্রুত সমাপ্ত করার জন্যও মন্ত্রণালয়গুলোকে অনুরোধ করা হয়েছে।

৩.৫ মাননীয় প্রতিমন্ত্রীর নেতৃত্ব সকল মন্ত্রণালয়গুলোকে নিয়ে যে সকল সভা অনুষ্ঠিত হচ্ছে সে সকল সভায় পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনের সদস্য/প্রধান উপস্থিত থাকার জন্য সভাপতি মহোদয় নির্দেশ দেন। বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ইআরডি'র প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

**৩.৬ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.৬.১ সরকারি বিনিয়োগের ফলে প্রত্যক্ষভাবে কত লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে এবং পরোক্ষভাবে কত কর্মসংস্থান হয়েছে, বেসরকারি খাতে কত লোকের কর্মসংস্থান সৃষ্টি হয়েছে সে সংক্রান্ত বছরভিত্তিক তথ্য/উপাত্ত তথ্য ও পরিসংখ্যান বিভাগ প্রদান করবে।

৩.৬.২ মাননীয় প্রতিমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রণালয়গুলোকে নিয়ে যে সকল সভা অনুষ্ঠিত হচ্ছে সে সভায় পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/ডিভিশনের সদস্য/প্রধান উপস্থিত থাকবেন। বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্পের ক্ষেত্রে ইআরডি'র প্রতিনিধি উপস্থিত থাকবেন। সংশ্লিষ্ট সেক্টরের সদস্য বিষয়টি তদারকি করবেন।

৩.৬.৩ চলমান প্রকল্পগুলোর মধ্যে যে সকল প্রকল্প সবুজ পাতার প্রকল্পের সাথে সমন্বয় করা হবে, একই ধরণের প্রকল্পগুলোকে clustering এবং rescoping করা হবে তার সংখ্যা ও নাম এবং যে সকল প্রকল্প দ্রুত সমাপ্ত করতে হবে সে সংক্রান্ত সমন্বিত তালিকা প্রতিটি সেক্টর/ডিভিশন ০৭ জুলাই ২০২৬ তারিখের মধ্যে পরিকল্পনা বিভাগে দাখিল করবেন।

**৪.০ আলোচ্য বিষয়:**

বিআইডিএস সরকারের নির্বাচনী ইশতেহারের সাথে সঙ্গতি রেখে কোন ইকনোমিক মডেল কমিশনের সেক্টরাল প্লান উপযোগী হবে তা নিরুপনসহ সে প্লানের বাস্তবায়ন এবং মনিটরিং কৌশল নির্ধারণপূর্বক আগামী ৩০/০৪/২০২৬ তারিখের মধ্যে খসড়া প্লান পরিকল্পনা বিভাগে দাখিল করতে হবে।

**৪.১ আলোচনা:**

সচিব, পরিকল্পনা বিভাগ জানান যে, বিআইডিএস ১২ এপ্রিল ২০২৬ তারিখে ৯৬ নম্বর স্মারকের মাধ্যমে জানিয়েছে যে, কোন ইকোনমিক মডেল কমিশনের সেক্টরাল এ্যাকশন প্লান প্রণয়নের ক্ষেত্রে উপযোগী হবে তার

Technical Support প্রদান করবে। এক্ষেত্রে সেক্টরাল এ্যাকশন প্ল্যান প্রণয়নের ক্ষেত্রে পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।

**৪.২ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**৪.২.১** পরিকল্পনা কমিশনের সেক্টরাল এ্যাকশন প্ল্যান প্রণয়নের ক্ষেত্রে বিআইডিএস Technical Support প্রদান করবে।

**৫.০ আলোচ্য বিষয়:**

নির্বাচনী ইশতেহারের আলোকে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে পরিকল্পনা কমিশনের আওতাধীন ৪টি সেক্টর/ডিভিশন স্ব স্ব সেক্টরাল এ্যাকশন প্লান এর খসড়া প্রস্তুত করে ৩০/০৪/২০২৬ তারিখের মধ্যে পরিকল্পনা বিভাগে দাখিল করবে।

**৫.১ আলোচনা:**

সচিব, পরিকল্পনা বিভাগ জানান যে, পরিকল্পনা কমিশনের ৪টি সেক্টর/ডিভিশন ইতিমধ্যে তাদের নিজ নিজ সেক্টরাল এ্যাকশন প্লানের খসড়া প্রণয়ন করেছে। এক্ষেত্রে সাধারণ অর্থনীতি বিভাগ (জিইডি) কর্তৃক প্রণীত Five Year Strategic Framework for Reform & Development এর সেক্টর সংশ্লিষ্ট অংশ সরবরাহ করলে সেক্টর এ্যাকশন প্লান সঠিকভাবে প্রণয়ন করতে সম্ভব হবে মর্মে সেক্টর/ডিভিশন হতে জানানো হয়।

**৫.২** সভাপতি জানান যে, Five Year Strategic Framework for Reform & Development এর Outline ইতোমধ্যে জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) কর্তৃক নীতিগতভাবে অনুমোদিত হয়েছে। সদস্য (জিইডি) জানান যে, Five Year Strategic Framework for Reform & Development এর ওপর সকল মন্ত্রণালয়/ডিভিশনের কাছে মতামত চাওয়া হয়েছে। ১০ জুন ২০২৬ তারিখের মধ্যে সকল মন্ত্রণালয়/বিভাগের মতামত পাওয়া যাবে বলে তিনি আশা প্রকাশ করেন।

**৫.৩** Five Year Strategic Framework for Reform & Development এর আলোকে পরিকল্পনা কমিশনের সেক্টর/ডিভিশন তাদের সেক্টরাল এ্যাকশন প্লান প্রণয়ন করবে। নির্বাচনী ইশতেহার এবং এসডিজিকে বিবেচনায় নিয়ে পরিকল্পনা কমিশনের ৪টি সেক্টর/ডিভিশন তাদের সেক্টরাল এ্যাকশন প্লান প্রণয়ন করেছে মর্মে পরিকল্পনা কমিশনের সদস্যবৃন্দ তাদের মতামত প্রদান করেন। সেক্টরাল এ্যাকশন প্লানগুলোর জন্য একটি কমন template প্রণয়ন করা গেলে সেক্টরাল এ্যাকশন প্রণয়ন সুবিধাজনক হবে মর্মে সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ মত প্রকাশ করেন। এক্ষেত্রে জিইডি এবং বিআইডিএস সহায়তা প্রদান করতে পারেন।

**৫.৪** পরিকল্পনা কমিশনের ৪টি সেক্টর/ডিভিশন যে সেক্টরাল এ্যাকশন প্লানের খসড়া তৈরী করেছে তা সঠিকভাবে প্রণয়ন করা হয়েছে কিনা তা যাচাই করে দেখা উচিত মর্মে সচিব, পরিকল্পনা বিভাগ মতামত প্রকাশ করেন। এলক্ষ্যে সেক্টরাল এ্যাকশন প্লানগুলোর উপস্থাপনা প্রদান করা প্রয়োজন বলে তিনি সভাকে জানান। আগামীকাল এবং রবিবার দুইদিন পরিকল্পনা কমিশনের সকল সদস্য, প্রধানগণ, বিআইডিএ এবং আইএমইডি একত্রে বসে result based framework সহ সেক্টরাল এ্যাকশন প্লানের একটি আউটলাইন তৈরী করার জন্য প্রতিমন্ত্রী মহোদয় পরামর্শ পদান করেন। উপদেষ্টা মহোদয় এ বিষয়ে একমত প্রকাশ করেন। এক্ষেত্রে সেক্টরাল এ্যাকশন প্লানকে Five Year Strategic Framework for Reform & Development এর সাথে link করার জন্যও তিনি অনুরোধ জানান।

**৫.৫** পরিকল্পনা কমিশনের সেক্টর/ডিভিশনগুলোকে তাদের সংশ্লিষ্ট মন্ত্রণালয়গুলোর নিকট থেকে আগামী ১০ দিনের মধ্যে সেক্টরাল এ্যাকশন প্লানের ওপর মতামত গ্রহণ করার জন্য উপদেষ্টা মহোদয় পরামর্শ প্রদান করেন। প্রতিটি সদস্য বিআইডিএস এবং আইএমইডি'র প্রতিনিধি থাকবেন। বিআইডিএস এর মাধ্যমে ৩০ জুন ২০২৬

তারিখের মধ্যে পিয়ার রিভিউ এর কাজ সমাপ্ত করতে হবে। ১৫ জুলাই ২০২৬ তারিখের মধ্যে সেক্টরাল এ্যাকশন প্লান চূড়ান্ত করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

**৫.৬** সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ জানান যে, Development Financing এর প্লানগুলো ইতিমধ্যে তৈরী হয়ে গেছে। এর মধ্যে কিছু চূড়ান্ত হয়েছে এবং কিছু কিছু ক্ষেত্রে আলোচনা চলমান আছে। সেক্টরাল এ্যাকশন প্লান প্রণয়নের লক্ষ্যে সে সকল প্রকল্প বিষয়ে উন্নয়ন সহযোগীর সাথে আলোচনা চূড়ান্ত হয়ে গেছে সে সকল প্রকল্প সংক্রান্ত তথ্য ইআরডি কর্তৃক পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর/ডিভিশনকে জানিয়ে দেয়ার জন্য সভাপতি মহোদয় পরামর্শ দেন।

**৫.৭ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**৫.৭.১** বৃহস্পতিবার এবং রবিবার দুইদিন পরিকল্পনা কমিশনের সকল সদস্য, প্রধানগণ, জিইডি, বিআইডিএস এবং আইএমইডি একত্রে বসে result based framework সহ সেক্টরাল এ্যাকশন প্লানের একটি আউটলাইন তৈরী করবেন।

**৫.৭.২** পরিকল্পনা কমিশনের সেক্টর/ডিভিশনগুলোকে তাদের স্ব স্ব সেক্টরাল এ্যাকশন প্লানের ওপর আগামী ১০ দিনের মধ্যে মন্ত্রণালয় হতে মতামত গ্রহণ করবেন। প্রতি সভায় বিআইডিএস এবং আইএমইডি'র প্রতিনিধি উপস্থিত থাকবেন। ১৫ জুলাই ২০২৬ তারিখের মধ্যে সেক্টরাল এ্যাকশন প্লানের খসড়া চূড়ান্ত করতে হবে।

**৬.০ আলোচ্য বিষয়:**

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ তথ্যের (data) সঠিকতা, বিশ্বাসযোগ্যতা, ব্যবহার উপযোগিতা এবং ডাটা প্রাপ্তির সহজলভ্যতা নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে। উক্ত কার্যক্রম ত্বরান্বিত করণের লক্ষ্যে সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ কে সভাপতি করে কমিটি গঠন করা হয়েছে।

**৬.১ আলোচনা:**

সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ জানান যে, ইতিমধ্যে ৪টি সভা করা হয়েছে। সভাগুলোতে বিআইডিএস এর মহাপরিচালক উসস্থিত ছিলেন। এ বিষয়ে তারা একটি উপস্থাপনা প্রদান করেন।

**৬.২** সভাপতি মহোদয় বলেন যে, Forensic Audit করে তথ্যের গড়মিল বের করতে হবে। গোজামিল ছাড়া Open Government Data প্রাপ্তির পদ্ধতি সম্পর্কে ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে প্রতিবেদন প্রদানের জন্য তিনি পরামর্শ দেন। ২০২৬-২৭ অর্থবছর থেকে data প্রাপ্তির সহজলভ্যতা সংক্রান্ত প্রতিবেদনও প্রদান করার জন্য তিনি অনুরোধ জানান।

**৬.৩ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**৬.৩.১** পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ Open Government Data প্রাপ্তির পদ্ধতি সংক্রান্ত এবং ২০২৬-২৭ অর্থবছর থেকে data প্রাপ্তির সহজলভ্যতা সংক্রান্ত প্রতিবেদন আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে মাননীয় উপদেষ্টা, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয় এর নিকট দাখিল করবেন।

**৭.০ আলোচ্য বিষয়:**

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ প্রকল্প বাস্তবায়ন ও মূল্যায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ নিবিড়ভাবে মনিটরিং করবে। চলমান প্রকল্পের [illegible]

নিশ্চিতকরণে মাঠপর্যায়ে সরেজমিন পরিদর্শন করে ত্রৈমাসিক/ষাণ্মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে।

**৭.১ আলোচনা:**

প্রকল্প বাস্তবায়ন ও মূল্যায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ মনিটরিং সংক্রান্ত dashboard এর বিষয়ে সচিব আইএমইডি জানান যে এটি ইতিমধ্যে তৈরী হয়ে গিয়েছে। ৩টি লেয়ার এ মনিটরিং করার সুযোগ এখানে রাখা হয়েছে। এ বিষয়ে ২২ জুন ২০২৬ তারিখ পরিকল্পনা কমিশনে উপস্থাপনা প্রদান এবং মন্ত্রণালয়গুলোকে কর্মশালার মাধ্যমে অবহিত করার জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন। ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ জানানো হয়।

**৭.২ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**৭.২.১** প্রকল্প বাস্তবায়ন ও মূল্যায়নে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ মনিটরিং সংক্রান্ত dashboard এর বিষয়ে আইএমইডি কর্তৃক ২২ জুন ২০২৬ তারিখ পরিকল্পনা কমিশনে উপস্থাপনা প্রদান করতে হবে।

**৭.২.২** এ সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে পরিকল্পনা বিভাগে দাখিল করতে হবে।

**৮.০ আলোচ্য বিষয়:**

পরিকল্পনা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশিকায় প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে যে Criterion উল্লেখ আছে তা যথাযথভাবে প্রতিপালনের জন্য পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগ সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে সচেতন করবে। কার্যক্রম বিভাগ প্রয়োজনে অদক্ষ প্রকল্প পরিচালকদের দ্রুত অপসারেণের ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

**৮.১ আলোচনা:**

সচিব, পরিকল্পনা বিভাগ জানান যে, প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে যে Criterion রয়েছে তা সংশোধন করে একটি খসড়া ইতোমধ্যে প্রণিত হয়েছে। উক্ত খসড়ার ওপর সকল সেক্টর/ডিভিশন এবং বিআইডিএস এর মাধ্যমে পিয়ার রিভিউ করার জন্য সভাপতি মহোদয় পরামর্শ দেন। অত:পর সভা করে ১৭ জুন ২০২৬ তারিখের মধ্যে খসড়া চূড়ান্ত করার জন্য অনুরোধ জানানো হয়।

**৮.২ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

**৮.২.১** প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে সংশোধিত Criterion এর ওপর সকল সেক্টর/ডিভিশন এবং বিআইডিএস এর মাধ্যমে পিয়ার রিভিউ করে ১৭ জুন ২০২৬ তারিখের মধ্যে চূড়ান্ত করতে হবে।

**৯.০** আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৪/৬/২৬

**(ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর)**
উপদেষ্টা
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়